আ.লীগ দেশকে অশান্ত করার অপচেষ্টায় লিপ্ত : সোহাদ

ডেস্ক রিপোর্ট: সিলেট মহানগর ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক বর্তমান লন্ডন প্রবাসী বিএনপি নেতা মোঃ সোহাদ মিয়া কামালী বলেছেন, আওয়ামী লীগের ষড়যন্ত্র থেমে নেই। তারা পরিকল্পিতভাবে দেশকে অশান্ত করার অপচেষ্টায় লিপ্ত হয়েছে।

তিনি বলেন, আওয়ামী লীগ সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়ের লোকদের বাড়িঘর ও মন্দিরে হামলা করছে। দেশ নিয়ে চলছে এক গভীর ষড়যন্ত্র। এ ষড়যন্ত্র রুখে দিতে হিন্দু সম্প্রদায়ের জানমাল রক্ষায় বিএনপির দলীয় নেতাকর্মীদের শক্তভাবে দায়িত্ব নিতে হবে।

লন্ডনে যুক্তরাজ্যভিত্তিক মানবাধিকার সংগঠন ’নিরাপদ বাংলাদেশ চাই ইউকে’ আয়োজিত কেন্দ্রীয় কমিটির অভিষেক অনুষ্ঠানে নেতাকর্মীদের উদ্দেশ্যে এসব কথা বলেন তিনি।

দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্যে ছাত্রদলের সাবেক এই নেতা বলেন, এখন আপনাদের কঠিন সময়। এই বিপ্লবকে যদি সফল করতে না পারি তাহলে আবার অন্ধকারে তলিয়ে যেতে হবে। তাই দয়া করে কাউকে কোনো রকম উচ্ছৃঙ্খলতা, কারও ওপর হামলা, আক্রমণ এসব করতে দিবেন না। এমন কোনো কথা বলবেন না, যা কথাটা দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিবে।

মোঃ সোহাদ মিয়া কামালী বলেন, দেশনেত্রী বেগম খালেদা জিয়া অসুস্থ। এ অবস্থায় তিনি জাতির উদ্দেশ্যে ভাষণ দিয়েছেন। সেই ভাষণে তিনি স্পষ্ট বক্তব্য দিয়েছেন হিংসা নয়, প্রতিহিংসা নয়, প্রতিশোধ নয়, আমরা সবাই ভাইয়ের মতো। আমরা শান্তিময় দেশ গড়ে তুলব।

এনবিসি (নিরাপদ বাংলাদেশ চাই) কেন্দ্রীয় সভাপতি মুসলিম খানের সভাপতিত্বে ও সেক্রেটারি তাহমিদ হোসেন খানের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন লন্ডন টাওয়ার হ্যামলেটের স্পীকার ব্যারিস্টার সাইফ উদ্দিন খালেদ।

এছাড়াও আরও বক্তব্য রাখেন সাবেক ছাত্রদল নেতা মো. বদরুল মিয়া কামালী, আবু জাহেদ,মো. সাবাজ মিয়া, মো. নাহিম আহমেদ, মো. অলিউর রহমান কামালী, আদনান খান, মো. আরিফ উদ্দিন কামালী,মো. মাহমুদুল আজাদ ও অন্যান্য অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।